উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলা- হাটহাজারী, জেলা- চট্টগ্রাম

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, হাটহাজারী, চট্টগ্রাম

সমন্বয়ে

ঘরনী

GHARONI

জুলাই ২০১৪

সার্বিক সহযোগীতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি -২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

UKaid from the British people

European Union

NORWEGIAN EMBASSY

SWEDEN

Australian Aid

UNDP Empowered lives. Resilient nations.

মুখবন্ধ

বাংলাদেশ একটি দুর্যোগ প্রবন দেশ। সারাবিশ্বে এই দেশটি জলবায়ু পরিবর্তনজনিত নানাবিধ দুর্যোগে সবচেয়ে বেশী ঝুঁকিপূর্ণ দেশ সমূহের অন্তর্ভূক্ত হিসাবে বিবেচিত হয়ে আসছে। সাম্প্রতিকালে বাংলাদেশে দুর্যোগের মাত্রা এবং ক্ষয়ক্ষতির ব্যাপকতা ক্রমশ বাড়ছে। বাংলাদেশে বড় আকারের দুর্যোগ যেমন, বন্যা, ঘূর্ণিঝড়, প্ল্যাবন, জলোচ্ছাস, খরা, কালবৈশাখী ঝড়, নদী ভাঙ্গন এবং ভূমি ধ্বসের মত দুর্যোগগুলো পূনপৌনিকভাবে ঘটছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তাই বিষয়টির প্রতি যথাযথ গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় কার্যক্রম হাতে নিয়েছে। সরকার দুর্যোগের বিষয়টি গুরুত্ব বিবেচনা করে 'সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচী' নামে একটি কর্মসূচী বাস্তবায়ন করেছে। সেই কর্মসূচীর আওতায় বাংলাদেশে দুর্যোগ ঝুঁকি হ্রাস ও জলবায়ু পরিবর্তন অভিযোজন কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় পর্যায় থেকে শুরু করে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে।

স্থানীয় পর্যায়ে দুর্যোগ ঝুঁকি হ্রাস প্রস্তুতি এবং সাড়া দানের প্রক্রিয়াকে শক্তিশালী করার বিধান দুর্যোগ বিষয়ে স্থায়ী আদেশ সমূহে বর্ণিত আছে। এতে স্থানীয় পর্যায়ে দুর্যোগের ঝুঁকি হ্রাস করা ও অভিযোজন প্রক্রিয়াকে কার্যকরী করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের উপর অধিক জোর দেয়া হয়েছে।

সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচীর আওতায় জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের জন্য পদক্ষেপ নেয়া হয়েছে। এর অংশ হিসাবে চট্টগ্রাম জেলার ঝুঁকিপূর্ণ উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের জন্য 'ঘরনী' নামক এনজিও কে দায়িত্ব দেয়া হয়েছে।

উক্ত এনজিও টি উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে এবং নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করে। বিশেষ করে ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সমন্বয় করে এই পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

আমার বিশ্বাস, এক্ষেত্রে যথাযথ ভাবে সকল প্রক্রিয়া সম্পাদন করা হয়েছে এবং সকলের সাথে আলাপ আলোচনার ফলশ্রুতি হিসাবে একটি বাস্তবভিত্তিক পরিকল্পনা তৈরী করা হয়েছে।

আমি একাজে জড়িত সকল পক্ষ বিশেষ করে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সকল সদস্য, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সকল সদস্য, 'ঘরনী' এনজিও এবং অন্যান্য সকল পক্ষকে এই জটিল কাজটি সুচারুভাবে সম্পাদনের জন্য ধন্যবাদ জানাই।

আমি আশা করি, অত্র উপজেলায় গৃহীত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি বাস্তবায়িত হলে অত্র উপজেলায় দুর্যোগের ঝুঁকি বহুলাংশে হ্রাস পাবে এবং জলবায়ু পরিবর্তনের অভিযোজন কার্যক্রম যথেষ্ট শক্তিশালী হবে।

তারিখঃ

১৪/০৩/১৪

মাহবুবুল আলম চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হাটহাজারী, চট্টগ্রাম।

সুচীপত্র

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি	**পৃষ্ঠা নং -**
১.১ পটভূমি	৪
১. ২ পরিকল্পনার মূল উদ্দেশ্য	৪
১.৩ স্থানীয় এলাকা পরিচিতি	৫
১.৩.১ জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান	৫
১.৩.২ আয়তন	৫
১.৩.৩ জনসংখ্যা	৬
১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত ভাবে বর্ননা	৭
১.৪.১ অবকাঠামো	৭
১.৪.২ সামাজিক সম্পদ	১৬
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	৩৮
১.৪.৪ অন্যান্য	৩৯
দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা	
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	৪৪
২.২ জেলা/উপজেলার আপদ সমুহ	৪৪
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র বর্ননা	৪৫
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	৪৬
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	৪৭
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ	৫০
২.৭ সামাজিক মানচিত্র	৫২
২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র	৫৩
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	৫৪
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	৫৫
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	৫৫
২.১২ খাতভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা	৫৬
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	৬১
তৃতীয় অধ্যায়: দুর্যোগ ঝুঁকি হ্রাস	
৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	৬৩
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	৬৭
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	৭১
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	৭২
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি	৭২
৩.৪.২ দুর্যোগ কালীন	৭৩
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী	৭৪
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে	৭৫

চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান	
৪.১ জরুরী অপারেশন সেন্টার (EOC)	৮৪
৪.১.১ জরুরী কন্ট্রোল রুমপরিচালনা	৮৮
৪.২ আপদ কালীন পরিকল্পনা	৮৯
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	৯০
৪.২.২ সতর্কবার্তা প্রচার	৯০
৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি	৯০
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসাপ্রদান	৯০
৪.২.৫ আশ্রয় কেদ্র রক্ষনাবেক্ষন	৯০
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা	৯০
৪.২.৭ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণঃ	৯০
৪.২.৮ ত্রান কার্যক্রম সমন্বয় করা	৯১
৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা	৯১
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা	৯১
৪.২.১১ মহড়ার আয়োজন করা	৯১
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC)পরিচালনা	৯১
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থান সমুহ	৯১
৪.৩ জেলা/উপজেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ননা	৯২
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন	৯৩
৪.৫ জেলা/উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে)	৯৫
৪.৬ অর্থায়ন	৯৬
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ	৯৯
পঞ্চম অধ্যায়: উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা	
৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন	১০০
৫.২ দ্রুত /আগাম পুনরুদ্ধার	১০১
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা	১০১
৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার	১০১
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ	১০১
৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা	১০১
সংযুক্তি ১ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট	১০২
সংযুক্তি ২ জেলা/উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি	১০৪
সংযুক্তি ৩ জেলা/উপজেলার স্বেচ্ছাসেবকদের তালিকা	১০৫
সংযুক্তি ৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা	১১৪
সংযুক্তি ৫ এক নজরে জেলা/উপজেলা	১১৫
সংযুক্তি ৬ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠানসূচী	১১৬

প্রথম অধ্যায়ঃ স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমিঃ

এসওডি অনুযায়ী দুর্যোগের ঝুঁকিহ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তর্ভুক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্যেগ গ্রহন করার কথা বলা হয়েছে। এ ব্যাপারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্মপরিকল্পনার বিষয়টি বেশ গুরুত্বের সাথে নিয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ৫ বছরের জন্য প্রণয়ন করা হবে ।

বিশ্বের দুর্যোগপ্রবণ দেশের মধ্যে বাংলাদেশ একটি । বাংলাদেশে কম-বেশি সব জেলাতেই নানাধরনের দুর্যোগ দেখা যায় এবং দূর্যোগ পূর্ন জেলাগুলির মধ্যে চট্টগ্রাম জেলা অন্যতম। ভৌগলিক অবস্থান ও জলবায়ু পরিবর্তনের কারণে এ জেলাতে প্রতি বছর বন্যা, অতিবৃষ্টি, খরা, জলোচ্ছাস, নদী ভাঙ্গন, লবণাক্ততা, আর্সেনিক দূষণ, জলাবদ্ধতা ও কালবৈশাখীসহ নানা ধরনের প্রাকৃতিক দূর্যোগ আঘাত করে থাকে । চট্টগ্রাম

জেলাটি সমুদ্রবতী হওয়ার কারণে জলোচ্ছাস, বন্যা, ঘূর্ণিঝড় এ এলাকার জন্য একটা বড় আপদ ফলে জেলাটি প্রতিবছর বন্যা ও ঘূর্ণিঝড়সহ অন্যান্য আপদের মাধ্যমে এ জেলাতে কম বেশী কোন না কোন ভাবে আক্রান্ত ও ক্ষতিগ্রস্থ হয়ে থাকে । এ জেলার হাটহাজারী উপজেলাটি অত্যন্ত ঝুঁকিপ্রবণ উপজেলা । এখানে হালদা নদী হাটহাজারী উপজেলার পূর্ব পাশ দিয়ে প্রবাহিত হয়েছে। ১৪টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে এই উপজেলাটি। এই উপজেলায় প্রায় সকল ইউনিয়রনই কম বেশী বন্যা, অতিবৃষ্টি, খরা, জলোচ্ছাস, নদী ভাঙ্গন, লবণাক্ততা, আর্সেনিক দূষণ, জলাবদ্ধতা ও কালবৈশাখী ঝড় জনসাধারনের জীবন-জীবিকার উপরে ক্ষতিকর প্রভাব ফেলে থাকে । এভাবে দুর্যোগে আক্রান্ত হলেও বিগত বছরে দুর্যোগ ঝুঁকি হ্রাস করা বা মানুষের সহায় সম্পদের ক্ষয়ক্ষতির পরিমান কমানোর জন্য জেলা বা উপজেলা পর্যায়ে সুদুর প্রসারী কোন কর্ম পরিকল্পনার উদ্যেগ দেখা যায়নি। এদিকটি বিবেচনা করেই সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ে তথা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি হাটহাজারী উপজেলার জন্য প্রণয়ন করার কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।

১. ২ পরিকল্পনার মূল উদ্দেশ্যঃ

- নির্দিষ্ট সময় এবং এলাকা জন্য কৌশলগত সম্ভাব্য দলিল হিসাবে তৈরী করা ।
- স্থানীয় ও জাতীয় পযায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসহ সংশ্লিষ্ট সকল সেক্টরের জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে এটি কাজ করবে এবং
  দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রনয়ণে ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করবে ।
- স্থানীয় কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ ও কাযকর অংশীদারত্ব বোধ সৃস্টি করা এবং
  স্থানীয় উদ্যোগে স্থানীয় রিসোস গুলি ব্যবহারের মাধ্যমে দূযোগ ঝুঁকিহ্রাসকরন পদ্ধতির উন্নয়ন ঘটানো।
- চাহিদা নিরুপন, উদ্ধার,ত্রাণ ও তাৎক্ষণিক পুণবাসন ব্যাবস্থাথার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ ।
- স্থানীয় পর্যায়ে দুর্যোগ ঝুঁকি সম্বন্ধে গনসচেতনতা সৃষ্টি ও দূযোগ ঝুঁকি হ্রাসকরণে স্থানীয় ইউনিয়ন প্রশাসন, উপজেলা প্রশাসন এবং জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উপায় নিধারন করা ।

১.৩ স্থানীয় এলাকার পরিচিতিঃ

হাটহাজারী উত্তর চট্টগ্রামের এক ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ উপজেলা। এক ঐতিহাসিক ঘটনার প্রেক্ষিতে হাটহাজারীর নামকরণ করা হয়। এর পূর্ব নাম ছিল আওরঙ্গাবাদ। বর্তমান হাটহাজারী, উত্তর রাউজান ও ফটিকছড়ি নিয়ে আওরঙ্গাবাদ গঠিত। আওরঙ্গাবাদ পরগনায় চট্টগ্রামে মোগল শাসনাধীন হওয়ার পর থেকেই মসনদধারী প্রথা চালু করে বারজন হাজারীকে অভ্যন্তরীণ শান্তিশৃঙ্খলা রক্ষা ও- বহিঃশত্রুর হাত থেকে রক্ষার দায়িত্ব বন্টন করা হয়েছিল। আমলাতান্ত্রিক শাসন ব্যবস্থার কারণে তৎকালীন কেন্দ্রীয় সরকার মুর্শিদাবাদের নবাবের আদেশ অমান্য ও অগ্রাহ্য করে হাজারীগণ দায়িত্ব পালনে অবহেলা করতে থাকেন এবং নবাবের বিরুদ্ধাচরণ করেন। চট্টগ্রামে নবাবের প্রতিনিধি মহাসিংহ হাজারীগণের ক্ষমতা খর্ব করতে এক কূট কৌশলের আশ্রয় নিয়ে প্রতারণা করে হাটহাজারী নবাবের কাচারিতে দাওযাত দিয়ে যান। তিনি বিশ্বাসঘাতকতা করে আটজন হাজারীকে বন্দি করতে সমর্থ হন। বারজন হাজারীর মধ্যে দক্ষিণ চট্টগ্রামের দুইজন নবাবের বশ্যতা স্বীকার করায় তাঁদেরকে ছেড়ে দেয়া হয় । বাকি দশজনের মধ্যে আটজনকে বন্দি অবস্থায় মুর্শিদাবাদের নবাবের দরবারে পাঠিযয়ে দেয়া হয় । দুইজন হাজারী পালিয়ে প্রাণরক্ষা করেন। মুর্শিদাবাদের নবাব আটজন হাজারীকে লোহার পিঞ্জরে বন্দি করে গঙ্গা নদীতে ডুবিয়ে হত্যার আদেশ দেন। ফলে উত্তর চট্টগ্রামে হাজারীদের ক্ষমতা খর্ব হয়ে পড়ে । বেঁচে যাওয়া হাজারীদের মধ্যে বীরসিংহ হাজারী যে হাট প্রতিষ্ঠা করেন তাকেই আজকের হাটহাজারী বলা হয় । তখন ফারসি ভাষা প্রচলন ছিল বলে এই হাটটি “হাটে হাজারী” বা “হাটহাজারী” নামে পরিচিতি লাভ করে।

১.৩.২ আয়তনঃ

আনুষ্ঠানিকভাবে চট্টগ্রাম জেলার সৃষ্টি হয় ১৯৬৬ সালে। যার আয়তন ৫২৮২.৯৮ ব:কি:। চট্টগ্রাম জেলায় ১৪টি উপজেলা রয়েছে, যার মধ্যে হাটহাজারী ১টি উপজেলা । হাটহাজারী উপজেলার আয়তন ২৫৫ ব:কি:। উপজেলার ১৪ টি ইউনিয়ন, ১টি পৌরসভায় মোট ৫৯ টি গ্রাম ও ৫৬ টি মৌজা রয়েছে। নিম্নে ইউনিয়ন ভিত্তিক মোজার নাম প্রদান করা হল

ক্রঃ নং	ইউনিয়নের নাম	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম	মন্তব্য
০১.	১নং ফরহাদাবাদ ইউনিয়ন পরিষদ	ছোটকাঞ্চনপুর, জঙ্গাল উদালিয়া, মাহমুদাবাদ, ফরহাদাবাদ, পূর্ব মন্দাকিনি, উদালিয়া।	৬টি
০২.	২নং ধলই ইউনিয়ন পরিষদ	এনায়েতপুর, পশ্চিম ধলই	২টি
০৩.	৩নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ	চারিয়া, হাসিমনগর, মির্জাপুর, উত্তর পাহাড়তলী, ছনখোলা, জঙ্গাল উত্তর পাহাড়তলী	৬টি
০৪.	৪নং গুমানমর্দ্দন ইউনিয়ন পরিষদ	গুমানমর্দ্দন, ছাদেকনগর, উত্তর গুমানমর্দ্দন, দক্ষিন গুমানমর্দ্দন, বালুখালী	৫টি
০৫.	৫নং নাঙ্গালমোড়া ইউনিয়ন পরিষদ	নাঙ্গালমোড়া, উত্তর নাঙ্গাল মোড়া, মধ্য নাঙ্গাল মোড়া, দক্ষিন নাঙ্গাল মোড়া	৪টি
০৬.	৬নং ছিপাতলী ইউনিয়ন পরিষদ	উত্তর ছিপাতলী, পশ্চিম ছিপাতলী, দক্ষিন ছিপাতলী, ছিপাতলী	৪টি
০৭.	৮নং মেখল ইউনিয়ন পরিষদ	মেখল,মোজাফ্ফরপুর, বহিমপুর, রুহুল্লাপুর	৪টি
০৮.	৯নং গড়দুয়ারা ইউনিয়ন পরিষদ	গড়দুয়ারা	১টি
০৯.	১০নং উত্তর মাদার্শা ইউনিয়ন পরিষদ	উত্তর মাদার্শা	১টি
১০.	১১নং ফতেপুর ইউনিয়ন পরিষদ	জোবরা, জঙ্গাল পশ্চিম পট্টি, মাইজ পট্টি, মিঠাছড়া, মিঠানালা, পশ্চিম পট্টি	৬টি
১১.	১২নং চিকনদন্ডী ইউনিয়ন পরিষদ	খন্দকিয়া, চিকনদন্ডী, নেহালপুর	৩টি
১২.	১৩নং দক্ষিন মাদার্শা ইউনিয়ন পরিষদ	দক্ষিন মাদার্শা, মধ্য মাদার্শা	২টি
১৩.	১৪নং শিকারপুর ইউনিয়ন পরিষদ	বাথুয়া, কুয়াইশ, শিকারপুর	৩টি
১৪.	১৫নং বুড়িশ্চর ইউনিয়ন পরিষদ	বুরিশ্চর	১টি
১৫.	পৌরসভা	আলীপুর, দেওয়ান নগর, পটিকা, জঙ্গালমিঠাছড়া, জঙ্গাল শিলছড়ি, মধ্যপাহাড়তলী,মিঠাছড়া, শিলছড়ি।	৮টি

৩.৩ জন সংখ্যা ক)

হাটহাজারী উপজেলায় মোট জনসংখ্যা ৪,৩০,০৫৩ যার মধ্যে পুরুষ ২,১৩,৪৮০ জন, মহিলা ২,১৫,৯৪১ জন, শিশু ২১,৪৩১ জন, বৃদ্ধ ১২,৭০২ জন, প্রতিবন্ধি ১,৫৭৯ জন । এই উপজেলায় পরিবারের সংখ্যা ৭৯,১৮৯ টি এবং ভোটারের সংখ্যা ২,৫৫,৬৪৭ জন। নিম্নে ছকের মাধ্যমে ইউনিয়ন ভিত্তিক বিভিন্ন স্তরের জনসংখ্যা দেখানো হল-

ক্র. নং	ইউনিয়নের নাম	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)	বৃদ্ধ (৬০+)	প্রতিবন্ধি	মোট জনসংখ্যা	পরিবার/খানা	মোট ভোটার
১	ফতেপুর	২৪৩৩৫	২২৭৬৭	২৩৪৬	১৩৯০	৯৮	৪৭১০২	৮০৯৪	৩১৫২১
২	মির্জাপুর	২৭৫২৩	২৭৩৬১	২৭৩২	১৬১৮	১৭৪	৫৪৮৬৪	৭৮৯৬	৩৩০২০
৩	ধলই	১৮৩৮৩	১৯৬৪৫	১৮৯২	১১২১	৮১	৩৮০২৮	৭৩৩৫	১৮৭০৯
৪	গুমানমর্দ্দন	৭১০৬	৮৩৩৩	৭৬৮	৪৫৫	৯৪	১৫৪৩৯	৩০৪০	৭৯০২
৫	চিকনদন্ডী	৩১৬০০	৩২৫১০	৩১৯৪	১৮৯১	১৮৭	৬৪১১০	১০৯৭০	৩৭২১৩
৬	মেখল	১৬৯১০	১৬৫২১	১৬৬৭	৯৮৬	১৫৫	৩৩৪৩১	৬৯৩০	২১৮০৯
৭	দক্ষিণ মাদার্শা	১৩৫৮৫	১৩৪৮০	১৩৬৩	৮০১	৯১	২৭১৭০	৫১৩৮	১৭৬২০
৮	উত্তর মাদার্শা	১৩১৭২	১১৮৩৫	১২৭৫	৭৫৮	৭৯	২৫৭০০	৫৮০৪	১৬৯৪০
৯	গড়দুয়ারা	৬৩২৫	৬৮৭৪	৬৫৯	৩৮৮	৮৬	১৩১৯৯	২৯২৬	৭৯৪৬
১০	শিকারপুর	১৮১১৪	১৮৭৭১	১৮৩৫	১০৮৮	১১২	৩৬৮৮৫	৬৪৯০	১৯৬০০
১১	ফরহাদাবাদ	১৪০৯৩	১৫৩৬৮	১৪৬৪	৮৬৯	১২৩	২৯৪৬১	৫৪৮৯	১৯৯০৮
১২	বুড়িশ্চর	১৩৬২৫	১৩২২৫	১৩৩৭	৭৯২	১৩৭	২৬৮৫০	৫৩৯৫	১৫৩৭০
১৩	ছিপাতলী	৪১২৮	৪৯০৭	৪৫৫	২৭২	৯০	৮৮৮৯	২১৩৪	৪১৮০
১৪	নাঙ্গলমোড়া	৪৫৮১	৪৩৪৪	৪৪৪	২৬৩	৬২	৮৯২৫	১৫৪৮	৩৯০৯
মোট		২১৩৪৮০	২১৫৯৪১	২১৪৩১	১২৭০২	১৫৭৯	৪৩০০৫৩	৭৯১৮৯	২৫৫৬৪৭

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য গুলির সংক্ষিপ্ত বিবরণঃ

৪.১ অবকাঠামোঃ

ক) বাঁধ

হাটহাজারী উপজেলায় বন্যার পানি প্রবেশ প্রতিরোধ করার জন্য হালদা নদীর তীরবর্তী অঞ্চলে বেরি বাঁধ রয়েছে । উক্ত বাঁধের মোট দৈর্ঘ্য প্রায় ১৭.৫০ কিঃমিঃ । নিম্নে ইউনিয়ন ভিত্তিক বাঁধের সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান উল্লেখ করা হলঃ

- ধলই ইউনিয়নে ৪,৬ ও ৯ নং ওয়ার্ডে উত্তর ফরহাদাবাদ থেকে দক্ষিন গুমানমর্দ্দন পর্যন্ত ৫কি:মি: লম্বা একটি হালদা নদী বেড়ী বাঁধ রয়েছে । যাহার উচ্চতা ১০ ফুট ।
- ছিপাতলী ইউনিয়নে ২,৩,৪ ও ৬ নং ওয়ার্ডে উন্নরন্নার ঘাট থেকে ইসলামিয়ার হাট পর্যন্ত ৪ কি:মি: লম্বা একটি হালদা নদী বেড়ী বাঁধ রয়েছে । যাহার উচ্চতা প্রায় ১২ ফুট।
- গড়দুয়ারা ইউনিয়নে ১,৬,৭,৮ ও ৯নং ওয়ার্ডে ছনখালী থেকে নত্তা কমালী পর্যন্ত ৪কি:মি: লম্বা একটি বেড়ী বাঁধ রয়েছে । যাহার উচ্চতা প্রায় ১০ ফুট।
- উত্তর মাদার্শা ইউনিয়নে ১,২,৩ ও ৫ নং ওয়ার্ডে সৈয়দ আহম্মদ হাট থেকে আমতলী পোরা ওয়ালী পর্যন্ত ৫ কি :মি: লম্বা একটি বেড়ী বাঁধ রয়েছে । যাহার উচ্চতা প্রায় ৯ ফুট ।
- দক্ষিন মাদার্শা ইউনিয়নে ২টি বাঁধ রয়েছে। ৩ নং ওয়ার্ডে সাহেমাদী মসজিদ থেকে সমিতির হাটবাজার পর্যন্ত ১কি:মি: লম্বা একটি বাঁধ রয়েছে । যাহার উচ্চতা প্রায় ১০ ফুট এবং ৬ ও ৯ নং ওয়ার্ডে বড়ুয়া পাড়া থেকে শ্যামা সুন্দরী উচ্চ বিদ্যালয় পর্যন্ত ১কি:মি: লম্বা ওয়াবদা বেড়ী বাঁধ রয়েছে । যাহার উচ্চতা প্রায় ১০ফুট।
- মেখল ইউনিয়নে ১ নং ওয়ার্ডে রহল্লাপুর থেতক রহিমপুর পর্যন্ত ২.৫০ কি:মি: লম্বা ১টি বাঁধ রয়েছে । যাহার উচ্চতা প্রায় ১০ ফুট।
- নাঙ্গাল মোড়া ইউনিয়নে ১,২,৩,৪,৫,৬,৭ ও ৮ নং ওয়ার্ডে ৫কি: মি: লম্বা একটি বেড়ী বাঁধ রয়েছে । যাহার উচ্চতা প্রায় সৈয়দ আহম্মদ হাট থেকে পোরা ওয়ালী পর্যন্ত ৫ কি:মি: লম্বা একটি বেড়ী বাঁধ রয়েছে । যাহার উচ্চতা প্রায় ৭ ফুট ।
- গুমানমর্দ্দন ইউনিয়নে ৩,৪ ও ৫ নং ওয়ার্ডে জালিয়া পাড়া থেকে দুরুমের মুখ পর্যন্ত ২কি:মি: লম্বা ১টি বেড়ী বাঁধ রয়েছে । যাহার উচ্চতা প্রায় ৮ ফুট।

খ) স্লুইচ গেইট

হাটহাজারী উপজেলায় ১৪ টি ইউনিয়নে ৩৩ টি স্লুইচ গেইট আছে। নিম্নে ইউনিয়ন ভিত্তিক স্লুইচ গেইট এর সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলো:

- ধলই ইউনিয়নঃ ধলই ইউনিয়নে মোট স্লুইচ গেইট ১০টি। সোনাই খালের উপর ৫ টি , ওর্য়াড নং- ১,৩,৫,৮ও৯ । দুবলী ছড়ার উপর ৩টি , ওয়ার্ড নং ৫,৮ ও ৯। ধলই খালের উপর ২ টি ,ওয়াড নং ৪ ও ৯ ।
- ফতেপুর ইউনিয়নঃ ফতেপুর ইউনিয়নে স্লুইচ গেইট মোট ১টি যাহা ২নং ওয়ার্ডে মিঠা ছড়ার উপরে অবিস্থিত।
- ছিপাতলী ইউনিয়নঃ ছিপাতলী ইউনিয়নে স্লুইচ গেইট ১টি যাহা ৫ নং ওয়ার্ডে বোয়ালিয়া খালের উপরে অবস্থিত।
- গড়দুয়ারা ইউনিয়নঃ গড়দুয়ারা ইউনিয়নে স্লুইচ গেইট ২টি। ১নং ওয়ার্ডে চানখালী খালের উপরে ১টি এবং ৬ নং ওয়ার্ডে পোরাকপালী খালের উপরে ১টি অবস্থিত ।
- উত্তর মাদার্শাঃ উত্তর মাদার্শা ইউনিয়নে স্লুইচ গেইট মোট ৩ টি । ৩,৪ নং ওয়ার্ডে ১টি পোরা ওয়ালী খালের উপরে । ৫,৬ নং ওয়ার্ডে কুমার খালের উপরে ১টি । ৮ নং ওয়ার্ডে বোয়ালিয়া খালের উপরে ১টি স্লুইচ গেইট অবস্থিত ।
- বুড়িশ্চর ইউনিয়নঃ বুড়িশ্চর ইউনিয়নে স্লুইচ গেইট ১টি যাহা ২নং ওয়ার্ডে হালদা খালের উপরে অবস্থিত ।
- দক্ষিন মাদার্শাঃ দক্ষিন মাদার্শা ইউনিয়নে স্লুইচ গেইট ২টি । ৩নং ওয়ার্ডে শাহ মাদারী খালের উপরে ১টি এবং ৮ নং ওয়ার্ডে কাটাখালী খালের উপরে ১টি স্লুইচ গেইট অবস্থিত ।
- মেখল ইউনিয়নঃ মেখল ইউনিয়নে স্লুইচ গেইট ৩টি । ২ নং ওয়ার্ডে হালদা খালের উপরে ১টি। ৩ নং ওয়ার্ডে হালদা খালের উপরে ২টি স্লুইচ গেইট অবস্থিত ।
- মির্জাপুর ইউনিয়নঃ মির্জাপুর ইউনিয়নে স্লুইচ গেইট ১০টি । ৭ নং ওয়ার্ডে লালমতি ছড়ার উপরে ১টি । ৬ নং ওয়ার্ডে সোনাইছড়ি খালের উপরে ২টি ,ডেঙ্গা খালের উপরে ২টি। ৪নং ওয়ার্ডে মরাছড়ার উপরে ১টি। ১নং ওয়ার্ডে কুমারী ছড়ার উপরে ১টি। ৭ ও ৯ নং ওয়ার্ডে নেয়ালাল খালের উপরে ৩টি স্লুইচ গেইট অবস্থিত ।

গ) ব্রীজঃ

চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলায় ১৪ টি ইউনিয়নে ২০৪ টি ব্রীজ আছে । নিম্নে ইউনিয়ন ভিত্তিক ব্রীজের সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলো:

শিকারপুর ইউনিয়নঃ

শিকারপুর ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ১৩ টি। ২নং ওয়ার্ডে খন্দকীয়া খালের উপর ২টি, ৩ নং ওয়ার্ডে কৃষ্ণ খালের উপরে ১টি,৩নং ওয়ার্ডে খন্দকীয়া খালের উপরে ১টি, ৩নং ওয়ার্ডে হামেদীয়া খালের উপরে ১টি , ১নং ওর্য়াডে পেশকার সড়কের উপরে ১টি, ৯ নং ওয়ার্ডে ইয়ার মোহাম্মদ সড়কের উপরে ২টি, ৬ নং ওয়ার্ডে শহিদুল্লা সড়কের উপরে ২টি, ৪নং ওয়ার্ডে হামেদীয়া খারের উপরে ১টি ব্রীজ অবস্থিত ।

দক্ষিন মাদার্শাঃ

দক্ষিন মাদার্শা ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ১৩ টি । ৩নং ওয়ার্ডে মাদারী খালের উপরে ১টি, ২নং ওয়ার্ডে বোয়ালিয়া খালের উপরে ১টি,৩নং ওয়ার্ডে বোয়ালিয়া উপরে ১টি, ৪ নং ওয়ার্ডে রহমানিয়া সড়কের উপরে ১টি, ৪ ও ৫ নং ওয়ার্ডে দাতা রাম চৌধুরী সড়কের উপরে ৪টি, ৬ ও ৯ নং ওয়ার্ডে কাটাখালী সড়কের উপরে ৩টি,৭ নং ওয়ার্ডে কাটাখালী খালের উপরে ২টি ব্রীজ অবস্থিত । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

মেখল ইউনিয়নঃ

মেখর ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৪টি । ৪নং ওয়ার্ডে চেং খালী খালের উপরে ১টি, ১ নং ওয়ার্ডে বড় খালের উপরে ১টি, ৩ নং ওয়ার্ডে হালদা খারের উপরে ১টি, ২নং ওয়ার্ডে চেং খালের উপরে ১টি ব্রীজ অবস্থিত । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

চিকনদন্ডী ইউনিয়নঃ

চিকনদন্ডী ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৫৮ টি। ৪ নং ওয়ার্ডে কত্তলি ছড়ার উপরে ২টি এবং ইছামতি খালের উপরে ১টি, ১ নং ঘাঘরিয়া ছড়ার উপরে ৪টি, ২নং ওয়ার্ডে খামারি ছড়ার উপরে ২টি এবং কামার ছড়ার উপরে ২টি,৩নং ওয়ার্ডে দাতারাম চৌধুরী সড়কের উপরে ২টি, সাব ডেপুটী সড়কের উপরে ৩টি,দত্তবাড়ী সড়কের উপরে ১টি, ঘোষ বাড়ী সড়কের উপরে ২টি,সর্দার পাড়া সড়কের উপরে ২টি । ৫নং ওয়ার্ডে ইছামতি সড়কের ২টি এবং সৈয়দ মিয়া সড়কের উপরে ২টি । ৬ নং ওয়ার্ডে সেযদ আহম্মদ সড়কের উপরে ২টি,বহদ্দার বাড়ী সড়কের উপরে ২টি,রাজা মিয়া সড়কের উপরে ২টি । ৭নং ওয়ার্ডে কাজির পাড়া সড়কের উপরে ৩টি, মীরা পাড়া সড়কের উপরে ৩টি । ৮ নং ওয়ার্ডে খন্দকীয়া ছড়ার উপরে ৫টি,আমান বাজার নিযামত আলী সড়কের উপরে ৩টি,ফতেয়াবাদ খন্দকীয়া সড়কের উপরে ৪টি । ৯ নং ওয়ার্ডে ডেপার পাড় সড়কের উপরে ৩টি,আশরাফ আলী সড়কের উপরে ৩টি,চকরিয়া পাড়া সড়কের উপরে ৩টি ব্রীজ অবস্থিত । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

ধলই ইউনিয়নঃ

ধলই ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ১৩ টি। ১,৩ ও ৪ নং ওয়ার্ডে ধলই খালের উপরে ৩টি । ২ নং ওয়ার্ডে সোনাইখালের উপরে ১টি। ৯ নং ওয়ার্ডে সোনাই খালের উপরে ৩টি । ৬ নং ওয়ার্ডে বিপুলা ছড়ার উপরে ১টি,কাজির সড়কের উপরে ২টি। ৭নং ওয়ার্ডে রেল সড়কের উপরে ৩টি ব্রীজ অবস্থিত । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

ফতেপুর ইউনিয়নঃ

ফতেপুর ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ১৭ টি । ৩নং ওয়ার্ডে মিঠা ছড়ার উপরে ৩টি । ৫ নং ওয়ার্ডে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১নং গেইট সড়কের উপরে ৩টি । ৩ ও ৪ নং ওয়ার্ডে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১নং গেইট সড়কের উপরে ৩টি এবং বালু ছড়ার উপরে ১টি। ১ নং ওয়ার্ডে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সড়কে মরা ছড়ার উপরে ২টি ।৬নং ওয়ার্ডে হাটহাজারী সড়কের উপরে ১টি । ৫নং ওয়ার্ডে হাটহাজারী সড়কের উপরে ১টি । ৮ নং ওয়ার্ডে হাটহাজারী সড়কের উপরে ১টি । ৯ নং ওয়ার্ডে বালু ছড়ার উপরে ১টি । ৬ নং ওয়ার্ডে মরা ছড়ার উপরে ১টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

ছিপাতলী ইউনিয়নঃ

ছিপাতলী ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৫ টি । ১নং ওয়ার্ডে বোয়ারিয়া খালের উপরে ১টি । ৭নং ওয়ার্ডে বোয়ালিয়া খালের উপরে ১টি। ৮নং ওয়ার্ডে চারিয়া খালের উপরে ১টি । ৯ নং ওয়ার্ডে বোয়ালিয়া খালের উপরে ১টি এবং দক্ষিন বোয়ালিয়া খালের উপরে ১টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

গড়দুয়ারা ইউনিয়নঃ

গড়দুয়ারা ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ১৬টি । ২নং ওয়ার্ডে গচ্ছা খালী খালের উপরে ২টি । ৮ নং ওয়ার্ডে কাটাখালী খালের উপরে ২ টিএবং গচ্ছা খালী খালের উপরে ২টি । ৭ নং ওয়ার্ডে দৌলত ছড়ার উপরে ১টি, মাঝির বাড়ী ছড়ার উপরে ১টি,জব্বার বাড়ীর ছড়ার উপরে ১টি,মিন্নাত আলী ছড়ার উপরে ১টি । ৪ নং ওয়ার্ডে কুমারী পাড়া সড়কের উপরে লোহার ব্রীজ ১টি । ৩ নং ওয়ার্ডে ক্যারন তলী খালের উপরে ১টি, গড়দুয়ারা খালের উপরে ২টি এবং পোরা কপালী খালের উপরে ১টি । ১ নং ওয়ার্ডে গচ্ছা খালী খালের উপরে ১টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

নাঙ্গাল মোড়া ইউনিয়নঃ

নাঙ্গাল মোড়া ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ২ টি । ৯নং ওয়ার্ডে হালদা খালের উপরে ১টি এবং ২ নং ওয়ার্ডে মির্জা আলী সড়কের উপরে ১টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

ফরহাদাবাদ ইউনিয়নঃ
ফরহাদাবাদ ইউনিয়নে মোট ব্রী সংখ্যা ৩টি । ৩নং ওয়ার্ডে সোনাই খালের উপরে ৩ টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

গুমানমর্দ্দন ইউনিয়নঃ
গুমান মর্দ্দন ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৩০ টি। ২নং ওয়ার্ডে মরা বিপুলা খালের উপরে ১টি । ৩ নং ওয়ার্ডে রাজা মিয়া সড়কের উপরে ৮টি। ৬ নং ওয়ার্ডে ডিসি সড়কের উপরে ১টি। ৮ নং ওয়ার্ডে ডিসি সড়কের উপরে ৫টি, বোয়ালিয়া খালের উপরে ৩টি। ৭ নং ওয়ার্ডে বদর খালী খালের উপরে ১টি,বালু খালী খালের উপরে ৮টি। ৯ নং ওয়ার্ডে হাজী ইউসুফ সড়কের উপরে ৩টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

বুড়িশ্চর ইউনিয়নঃ
বুড়িশ্চ ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৮ টি। ১ ও ২ নং ওয়ার্ডে কাটাকালী খালের উপরে ১টি । ৩ নং ওয়ার্ডে কৃষ্ণ খালের উপরে ১টি এবং হালদা খালের উপরে ১টি । ৬ নং ওয়ার্ডে সোনা মিয়া খালের উপরে ১টি । ৯ নং ওয়ার্ডে কৃষ্ন খালের উপরে ১টি। ৭ নং ওয়ার্ডে কুয়েশ খালের উপরে ১টি। ৮ নং ওয়ার্ডে কুয়েশ খালের উপরে ১টি । ৪ নং ওয়ার্ডে নিয়ামত আলী সড়কের উপরে ১টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

উত্তর মাদার্শা ইউনিয়নঃ
উত্তর মাদার্শা ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ৬ টি। ৭ নং ওয়ার্ডে বাছামিয়া খালের উপরে ২টি । ৮ নং ওয়ার্ডে শাহ মাদারী খালের উপরে ২টি । ৯ নং ওয়ার্ডে মাহলুমা খালের উপরে ২টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

মির্জাপুর ইউনিয়নঃ
মির্জাপুর ইউনিয়নে মোট ব্রীজ সংখ্যা ১৬ টি। ৯ নং ওয়ার্ডে প্যারা লাল খালের উপরে ২টি । ৭ নং ওয়ার্ডে লাল মতি ছড়ার উপরে ২টি । ৪ নং ওয়ার্ডে মরা ছড়ার উপরে ২টি। ৬ নং ওয়ার্ডে সোনাই ছড়ি খালের উপরে ২টি এবং ডেঙ্গা খালের উপরে ৩টি ।২ ও ৩ নং ওয়ার্ডে বদর খালী ছড়ার উপরে ৪টি । ১নং ওয়ার্ডে কুমারী ছড়ার উপরে ১টি ব্রীজ রয়েছে । ব্রীজগুলির বর্তমানে অবস্থা ভাল এবং পানি নিস্কাশনের জন্য উপযোগী রয়েছে।

প্রাপ্ত তথ্যের সূত্রঃ সহকারী প্রকৌশলী, হাটহাজারী, মোবাইল নং- ০১৮২৭-২৭৯০২৮

ঘ) কালভার্টঃ

হাটহাজারী উপজেলায় ১৪টি ইউনিয়নে মোট ৫৭৭টি কালভার্ট আছে। এই কালভার্ট গুলো রাস্তার নীচে খালের পানি প্রবাহে সহায়তা করে। নিম্নে ইউনিয়ন ভিত্তিক কালভার্টের সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলোঃ

শিকারপুর ইউনিয়নঃ
শিকারপুর ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৮ টি । ১নং ওয়ার্ডে কোন কালভার্ট নেই। ২নং ওয়ার্ডে আশরাফ আলী রোড-২টি। ৩নং ওয়ার্ডে কোন কালভার্ট নেই। ৪নং ওয়ার্ডে কোন কাল ভার্ট নেই। ৫নং ওয়ার্ডে কোন কাল ভার্ট নেই। ৬নং ওয়ার্ডে শহিদুল্লা পাড়া রোড-১টি। ৭নং ওয়ার্ডে কোন কালভার্ট নেই। ৮নং ওয়ার্ডে মধ্যম কুয়াইশ রোড-৩টি। ৯নং ওয়ার্ডে ইয়ার মোহাম্মদ রোড-২টি কালভার্ট রয়েছে।

দক্ষিন মাদার্শাঃ
দক্ষিন মাদার্শা ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৯৩ টি । ১নং ওয়ার্ডে বোয়ালিয়া রোড-৬টি। ২নং ওয়ার্ডে হাজি বাদশা মিয়া রোড-৮টি। ৩নং ওয়ার্ডে মফিজ মিস্ত্রি রোড-৫টি,বাদশা লিং রোড-৩টি। ৪নং ওয়ার্ডে বদু চৌধুরী রোড-৫টি,ডা: ছানাউল্ল রোড-৬টি,দাতারাম রোড-৪টি। ৫নং ওয়ার্ডে হাবিব চেয়ারম্যান রোড-৭টি,হাজী সোনা মিয়া রোড-৪টি। ৬নং ওয়ার্ডে বরুয়া পাড়া রোড-৬টি,সানাউল্লা রোড-৩টি। ৭নং ওয়ার্ডে আতর আলী রোড-৩টি,কাটাখালী রোড-৬টি। ৮নং ওয়ার্ডে আতর আলী রোড-৮টি। ৯নং ওয়ার্ডে কাটাখালী রোড-৬টি,বসর কোং বাড়ী রোড-৮টি,আতর আলী রোড-৫টি কালভার্ট রয়েছে।

মেখল ইউনিয়নঃ
মেখর ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৫২ টি । ১নং ওয়ার্ডে মফজল বলি রোড-৪টি,কান্তর আলী ফকির রোড-৪টি। ২নং ওয়াড,কাজি বাড়ী রোড-৫টি,ছমি উদ্দিন সারাং রোড-৩টি। ৩নং ওয়ার্ডে মোজাফ্ফর রোড-৩টি,মুরাদ তালুকদার রোড-৪টি। ৪নং ওয়ার্ডে আনন্দ বাজার রোড-৬টি । ৫নং

ওযাড,মেখল মেইন রোড-৪টি। ৬নং ওয়ার্ডে মুফতি ফয়জুল্লা রোড-৮টি। ৭নং ওয়ার্ডে বৈলতলী রোড-৩টি। ৮নং ওয়ার্ডে কামার রোড-৪টি,মেখল মেইন রোড-৩টি। ৯নং ওয়ার্ডে মেখল মেইন রোড-১টি কালভার্ট রয়েছে।

চিকনদন্ডী ইউনিয়নঃ

চিকনদন্ডী ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৫৬ টি। ১নং ওয়ার্ডে সৈয়দপুর রোড-২টি,বহদ্দার রোড-২টি,রাজা মিযা রোড-৪টি। ২নং ওয়ার্ডে নাথ পাড়া রোড-৫টি। ৩নং ওয়ার্ডে দাতা রাম চৌ: রোড-২টি,সাব ডেপুটি রোড-৩টি,দত্ত বাড়ী রোড-৩টি,ঘোষ বাড়ী রোড-৪টি। ৪নং ওয়ার্ডে কোন কালভার্ট নেই। ৫নং ওয়ার্ডে ইসামতি রোড-৫টি,সৈয়দ মিয়া রোড-৪টি। ৬নং ওয়ার্ডে রাজা মিয়া রোড-৪টি,বহদ্দার বাড়ী রোড-৩টি । ৭নং ওয়ার্ডে কাজি পাড়া রোড-৩টি,মীর পাড়া রোড-৩টি। ৮নং ওয়ার্ডে আমান বাজার নিয়ামত আলী রোড-৩টি,ফতেয়াবাদ খন্দকীয়া রোড-৪টি। ৯নং ওয়ার্ডে ডেপার পার রোড-২টি কাল ভার্ট রয়েছে।

ধলই ইউনিয়নঃ

ধলই ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৪২ টি। ১নং ওয়াড,শাহ মনহর দর্গা রোড-৩টি। ২নং ওয়ার্ডে ধলই বারব কুন্ডরোড-৮টি। ৩নং ওয়ার্ড,ধলই খাল চা বাগান রোড-১টি,বদর বাড়ী রোড-২টি,ধলই শফি নগর রোড-২টি। ৪নং ওয়ার্ড,চিরাশিল রোড-২টি,কাজী বাড়ী রোড-৩টি। ৫নং ওয়ার্ডে,ইয়ার মোহাম্মদ রোড-২টি,গোডাউন রোড-৩টি। ৬নং ওয়ার্ড,সেকেন্দার পাড়া রোড-৩টি,গোমাতার পাড়া রোড-৩টি। ৭নং ওয়ার্ড, মৌলভী নুরুল হক রোড-২টি,মিয়া পাড়া রোড-২টি। ৮নং ওয়াড,আশ্চার্য পাড়া রোড-৩টি,ধলই কালু শাগ রোড-৩টি। ৯নং ওয়ার্ড,কোন কালভার্ট নেই।

ফতেপুর ইউনিয়নঃ

ফতেপুর ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৪৫ টি । ১নং ওয়ার্ড,আ: মতিন রোড-১টি,মিয়া মেম্বারের বাড়ী রোড-২টি, দক্ষিন গোদা গাজী রোড-২টি,কারিগড় পাড়া রোড-১টি। ২নং ওয়ার্ড,শিকদার পাড়া রোড-২টি,বরুযা পাড়া রোড-২টি। ৩নং ওয়ার্ড,মদোনা ঢারা রোড-২টি,ফতেপুর জুবরা রোড-৩টি,জামতল রোড-৩টি। ৪নং ওয়ার্ড,জামতল রোড-২টি,চট্টগ্রাম খাগড়াছড়ি রোড-২টি,১নং রোড-২টি। ৫নং ওয়ার্ড,ফকিরা জামে মসজিদ রোড-১টি,জামতল রোড-২টি। ৬নং ওযার্ড,মজলিশ বিবি রোড-১টি ইসরামিযা বাজার রোড-২টি। ৭নং ওয়াড,আহম্মদ মিয়া রোড-২টি,মেহের নগর রোড-২টি,মফিজ চেয়ারম্যান বাড়ী রোড-২টি। ৮নং ওয়ার্ড,নুর আলী টেন্ডল রোড-৩টি,মেহের আলী রোড-১টি । ৯নং ওয়ার্ড,ইউসুফ চৌধুরী বাড়ী রোড-৫টি,বালুছড়া মেহের নগর রোড-২টি কাল ভার্ট রয়েছে।

ছিপাতলী ইউনিয়নঃ

ছিপাতলী ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ২৫ টি। ১নং ওয়ার্ড,হাজী ইউসুফ রোড-২টি,রহমত আলী রোড-১টি। ২নং ওয়ার্ড,কোন কালভার্ট নেই। ৩নং ওয়ার্ড,আমানত আলী রোড-৩টি। ৪নং ওয়ার্ড,হালদা বেড়ী বাধ রোড-৩টি। ৫নং ওয়ার্ড,চানগাজী রোড-২টি,রোভী তালুকদার রোড-২টি। ৬নং ওয়ার্ড,দক্ষিন ছিপাতলী রোড-২টি। ৭নং ওয়ার্ড,আমানত মুন্সি রোড-২টি। ৮নং ওয়ার্ড,কাজিরখিল রোড-১টি,আমানত আরী রোড-১টি। ৯নং ওয়ার্ড,মুরাদ রোড-৬টি কাল ভার্ট রয়েছে।

গড়দুয়ারা ইউনিয়নঃ

গড়দুয়ারা ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ১২টি । ১নং ওয়াড,পশ্চিম গড়দুয়ারা রোড-২টি। ২নং ওয়াড,কোন কালভার্ট নেই। ৩নং ওয়াড,আকবর বাড়ী রোড-১টি। ৪নং ওয়াড,তালুকদার রোড-২টি। ৫নং ওযাড,আ: কাদের শফিউল রোড-১টি। ৬নং ওযাড,সারাং রোড-২টি। ৭নং ওয়াড,মিন্নাত আলী রোড-২টি। ৮নং ওয়াড,জীবন তালুকদার রোড-১টি,জেবল আহম্মদ রোড-১টি। ৯নং ওয়াড,কোন কালভার্ট নেই।

নাঙ্গাল মোড়া ইউনিয়নঃ

নাঙ্গাল মোড়া ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ২০ টি । ১নং ওয়ার্ড,চৌধুরী রোড-২টি । ২নং ওয়ার্ড,ডিসি রোড-১টি। ৩নং ওয়ার্ড, আমিন মাঝি বাড়ী রোড-২টি। ৪নং ওয়ার্ড,হেদায়েত আলী বাড়ী রোড-২টি। ৫নং ওয়ার্ড,শফি তালুকদার রোড-১টি । ৬নং ওয়ার্ড,আশরাফ আলী রোড-২টি। ৭নং ওয়ার্ড,বুরো মিয়া চৌধুরী রোড-১টি,টুনা গাজী রোড-১টি। ৮নং ওয়ার্ড,আবুল হায়াত রোড-২টি। ৯নং ওয়ার্ড,মোছেদ আলী রোড-১টি,চানগাজী রোড-১টি কালভার্ট রয়েছে।

ফরহাদাবাদ ইউনিয়নঃ

ফরহাদাবাদ ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৫৫টি । ১নং ওয়ার্ড,বাশুয়া ঢালা রোড-৪টি,সৃতধর পাড়া রোড-৩টি। ২নং ওয়ার্ড,মোফজ্জল মিয়া রোড-৩টি,মোহছেনা পাড়া রোড-৪টি। ৩নং ওয়ার্ড,শিকদার পাড়া রোড-৩টি, হাজী আফজাল মিয়া রোড-২টি,জাফর পাড়া রোড-৩টি। ৪নং ওয়ার্ড,বাদশা রোড-২টি,বাশুয়াঢালা রোড-২টি। ৫নং ওয়ার্ড,নুরানিয়া স্কুল রোড-৩টি,উদালিয়া রোড-৩টি। ৬নং ওযার্ড,নাজির হাট রোড-৩টি। ৭নং ওয়ার্ড, ইসমত মহুরী রোড-৩টি, ইউসুবিয়া রোড-৩টি। ৮নং ওয়ার্ড,শিয়াল বাড়ী রোড-৩টি,নুর আলী বংশাল রোড-২টি। ৯নং ওয়ার্ড,জমসের তালুকদার রোড-৫টি,নুর আলী মিয়া রোড-৪টি কালভার্ট রয়েছে।

গুমানমর্দ্দন ইউনিয়নঃ

গুমান মর্দ্দন ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৫৪ টি। ১নং ওয়ার্ড,রাজা মিয়া চৌধুরী রোড-৩টি। ২নং ওয়ার্ড,চলিয়া গারি মসজিদ রোড-৩টি,কালু শাহ রোড-২টি,মনহর চৌধুরী রোড-২টি। ৩নং ওয়ার্ড,বদর বাড়ী রোড-৩টি,পেশকার হাট রোড-২টি। ৪নং ওয়ার্ড,পেশকার হাট রোড-২টি। ৫নং ওযাড,চৌমুহনী রোড-২টি। ৬নং ওযার্ড,কাটা খালী রোড-৩টি,ডিসি রোড-৪টি। ৭নং ওয়ার্ড,জামান খান রোড-৪টি,আ: ছবুর মেম্বার রোড-৩টি,বিহার রোড-৩টি,ডিসি রোড-২টি। ৮নং ওয়াড,রওশন রোড-৪টি,খিল বাড়ী রোড-৩টি,জামান খান রোড-৩টি,ডিসি রোড-৩টি। ৯নং ওয়ার্ড,হাজী ইউসুফ রোড-২টি,সামসের পাড়া রোড-১টি কালভার্ট রয়েছে।

বুড়িশ্চর ইউনিয়নঃ

বুড়িশ্চ ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা মোট ১১ টি। ১নং ওয়ার্ড,কাজি পাড়া রোড-২টি,মধ্যর পাড়া রোড-২টি। ২নং ওয়ার্ড,ফতে মোহাম্মদ তালুকদার বাড়ী রোড-২টি। ৩নং ওয়ার্ড,বুড়িশ্চর সার্কুলার রোড-২টি। ৪নং ওয়ার্ড,কোন কালভার্ট নেই। ৫নং ওযার্ড,কোন কালভার্ট নেই। ৬নং ওয়ার্ড,গোলাম হোসেন রোড-১টি। ৭নং ওয়ার্ড,বুড়িশ্চর সার্কুলার রোড-১টি। ৮নং ওয়ার্ড,সতেজ বৈদ্ধ্য (তালতলা কলোনী)-১টি ৯নং ওয়ার্ড,কোন কালভার্ট নেই।

উত্তর মাদার্শা ইউনিয়নঃ

উত্তর মাদার্শা ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৩২টি । ১নং ওয়ার্ড,মাছুয়া ঘোনা হেছারী রোড-৩টি। ২নং ওয়ার্ড,মনছুর আলী রোড-৪টি। ৩নং ওয়ার্ড,ভাটি চৌধুরী রোড-৩টি। ৪নং ওয়ার্ড,জামশেদিয়া কামাগাজী রোড-৩টি। ৫নং ওযার্ড,শাহ মজ্জিদিয়া রোড-২টি। ৬নং ওয়ার্ড,এলজিইডি রোড-২টি,দ্রষ্টা চৌধুরী রোড-২টি। ৭নং ওয়ার্ড,এলজিইডি মেইন রোড-২টি,আ: বারি রোড-২টি। ৮নং ওয়ার্ড,মাদারীপুর রোড-২টি,রামদাস বাজার রোড-১টি। ৯নং ওয়ার্ড,দক্ষিন বারিঘোনা রোড-৩টি,মাইজপাড়া রোড-২টি কালভার্ট রয়েছে।

মির্জাপুর ইউনিয়নঃ

মির্জাপুর ইউনিয়নে মোট কালভার্ট সংখ্যা ৭২টি । ১নং ওয়ার্ড, নওয়া মিয়া হাজী রোড-৫টি,খলিফা পাড়া রোড-৩টি,বিসি রোড-২টি। ২নং ওয়ার্ড,হাজী মোশারফ আলী রোড-৩টি,কাজি সফর আলী রোড-২টি,বরিশাল রোড-৩টি। ৩নং ওয়ার্ড, জয়নুল আলম রোড-৩টি,মোমিনুল রোড-২টি,রওশন রোড-১টি,কালিদাস রোড-১টি। ৪নং ওয়ার্ড,মোমেনিয়া রোড-২টি,রওশন রোড-১টি,খাগড়াছড়ি রোড-৩টি। ৫নং ওয়ার্ড,রওশন রোড-২টি,কুরাল পাড়া রোড-২টি,নুর চেয়ারম্যান রোড-৩টি। ৬নং ওয়ার্ড, রামগড় রোড-৩টি হাজী ইউসুফ রোড-৩ টি। ৭নং ওয়ার্ড,মুরাদ রোড-৩টি,আশরাফ আলী রোড-৩টি,খাগড়াছড়ি রোড-২টি। ৮নং ওয়ার্ড, মুরাদ রোড-৫টি,চারিয়া নয়া হাট রোড-৫টি। ৯নং ওয়ার্ড,আশরাফ আলী রোড-৬টি,মুরাদ রোড-৪টি ।

প্রাপ্ত তথ্যের সূত্রঃ সহকারী ইঞ্জিনিয়ার, এলজিআরডি অফিস, হাটহাজারী, মোবাইল নং ০১৮২৭-২২৯০২৮

ঙ) রাস্তাঃ

চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলায় ১৪টি ইউনিয়নে সর্বমোট ৫৫০.৫ কি: মি: রাস্তা আছে। এর মধ্যে পাকা রাস্তা ১৪৬.৫ কি:মি:, কাচা রাস্তা ২০৬ কি:মি: এবং এইচ বি বি ১৯৮ কি:মি: । নিম্নে ইউনিয়ন ভিত্তিক রাস্তার সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলোঃ

১. শিকারপুর ইউনিয়নঃ শিকারপুর ইউনিয়নে মোট পাকা রাস্তা ১৫ কিলোমিটার, কাঁচা রাস্তা ৭ কিলোমিটার ও এইচবিবি রাস্তা প্রায় ২৮.৩৫ কিলোমিটার যার মধ্যে কাঁচা রাস্তা ও এইচবিবি রাস্তা প্রায় ১৩ কিলোমিটার (১, ৩, ৫, ৬ ও ৯) নং ওয়ার্ড গুলির রাস্তা ঝুঁকির মধ্যে রয়েছে ।

২. দক্ষিণ মাদার্শা ইউনিয়নঃ দক্ষিণ মাদার্শা ইউনিয়নে মোট পাকা রাস্তা ১০.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ২, ৩, ৪, ৫, ৬, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত । এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ৯ কিলোমিটার, রাস্তা গুলো ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ৩, ৪, ৬ ও ৭ নং ওয়ার্ডের রাস্তা গুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা প্রায় ৭ কিলোমিটার, রাস্তা গুলো ৩, ৫, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ৫, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড গুলির এইচবিবি রাস্তা ঝুঁকির মধ্যে রয়েছে ।

৩. মেখল ইউনিয়নঃ মেখল ইউনিয়নে মোট পাকা রাস্তা ১২ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ২, ৩, ৪, ৫, ৬, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত । এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৪ কিলোমিটার, রাস্তা গুলো ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ৩, ৪, ৬ ও ৭ নং ওয়ার্ডের রাস্তা গুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা প্রায় ১৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ২, ৩, ৭ ও ৮ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে ।

৪. চিকনদন্ডী ইউনিয়নঃ চিকনদন্ডী ইউনিয়নে মোট পাকা রাস্তা ১৪ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ২, ৩, ৪, ৫, ৬, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১২.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব ওয়ার্ডের রাস্তা গুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা প্রায় ১২ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ২, ৩, ৭ ও ৮ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

৫. ধলই ইউনিয়নঃ ধলই ইউনিয়নে মোট পাকা রাস্তা ১৫.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ২, ৩, ৪, ৫, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ২৩ কিলোমিটার, রাস্তা গুলো ১, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ৩, ৪, ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডের রাস্তা গুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা প্রায় ১০ কিলোমিটার, রাস্তা গুলো ২, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ৪, ৫, ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

৬. ফতেপুর ইউনিয়নঃ ফতেপুর ইউনিয়নে মোট পাকা রাস্তা ১৭ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা প্রায় ৭.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৪, ৫, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ২, ৪, ৫, ৬, ৮ ও ৯ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো ঝুঁকির মধ্যে রয়েছে।

৭. ছিপাতলী ইউনিয়নঃ ছিপাতলী ইউনিয়নে মোট পাকা রাস্তা ২ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১ ও ৬ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৩.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ৪, ৬ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ২৪ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ১, ২, ৪, ৬, ৮ ও ৯ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

৮. গড়দুয়ারা ইউনিয়নঃ গড়দুয়ারা ইউনিয়নে মোট পাকা রাস্তা ২.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ৪, ৫ ও ৮ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৮ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ২৩.৫ কিলোমিটার, রাস্তা গুলো ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ২, ৩, ৪, ৬ ও ৮ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

৯. নাঙ্গালমোড়া ইউনিয়নঃ নাঙ্গালমোড়া ইউনিয়নে মোট পাকা রাস্তা ২ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১,২,৩ ও ৪ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ৯.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১,২, ৪, ৫, ৬,৭ ও ৮ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ১৩ কিলোমিটার, রাস্তা গুলো ১,২,৩, ৪, ৫,৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ১, ২, ৪, ৮ ও ৯ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১০. ফরহাদাবাদ ইউনিয়নঃ ফরহাদাবাদ ইউনিয়নে মোট পাকা রাস্তা ১৭ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ৫,৬,৭,৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ২৩ কিলোমিটার, রাস্তা গুলো ১,২,৩, ৫,৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ১,৩,৫ ও ৮ নং ওয়াডের রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ২০ কিলোমিটার, রাস্তা গুলো ১,২,৩, ৪, ৫,৬,৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ২, ৪,৫,৬ ও ৭ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১১. গুমানমর্দ্দন ইউনিয়নঃগুমানমর্দ্দন ইউনিয়নে মোট পাকা রাস্তা ৫.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১,২,৩,৬ ও ৮ ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৮.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১, ২, ৩, ৫, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে প্রায় সব রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ১০ কিলোমিটার, রাস্তা গুলো ৩, ৪, ৫,৬, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ৪, ৮ ও ৯ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১২. বুড়িশ্চর ইউনিয়নঃ বুড়িশ্চর ইউনিয়নে মোট পাকা রাস্তা ৮ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৬ ও ৭ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৪.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১ নং ওয়ার্ডে অবস্থিত ও এইচবিবি রাস্তা ৫.৫ কিলোমিটার, রাস্তা গুলো ২, ৪, ৫,৬ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ২, ৪ ও ৭ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১৩. উত্তর মাদার্শা ইউনিয়নঃ উত্তর মাদার্শা ইউনিয়নে মোট পাকা রাস্তা ১৩ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১,২,৩,৪,৫,৬,৭ ও ৮ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১১ কিলোমিটার, রাস্তা গুলো ১, ৩, ৪, ৫, ৬ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ৪ ও ৬নং ওয়াডের রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ১০.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১,২,৩, ৪, ৫,৬,৭ ও ৯ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ৫,৬,৭ ও ৯ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

১৪. মির্জাপুর ইউনিয়নঃ মির্জাপুর ইউনিয়নে মোট পাকা রাস্তা ১৬.৫ কিলোমিটার, পাকা রাস্তা গুলো ১, ২, ৩, ৪, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে অবিস্থত। এই ইউনিয়নে মোট কাঁচা রাস্তা ১৭.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১,২,৩, ৪ ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত তন্মধ্যে ১,২,৩, ৪ নং ওয়াডের রাস্তাগুলো ঝুঁকির মধ্যে রয়েছে ও এইচবিবি রাস্তা ১১.৫ কিলোমিটার, রাস্তা গুলো ১,২,৩, ৪, ৫ও ৭ নং ওয়ার্ডে অবস্থিত যার মধ্যে ৩, ৪, ৫ ও ৭ নং ওয়ার্ডের এইচবিবি রাস্তা গুলো বেশী ঝুঁকির মধ্যে রয়েছে।

চ) সেঁচ ব্যবস্থাঃ

এই উপজেলায় ফসল উৎপাদনের জন্য নলকুপ ব্যবহার তেমন বেশী দেখা যায় না। গভীর নলকুপ গুলো বেশীর ভাগ ক্ষেত্রে খাবার পানি হিসাবে ব্যবহৃত হয়, বসত বাড়ীর কাজে ব্যবহার হয় এবং কিছু ফসলি জমিতে ব্যবহার হয়। হাটহাজারী উপজেলায় মোট নলকুপের সংখ্যা প্রায় ৩৮১৭৭ টি, এর মধ্যে গভীর নলকুপের সংখ্যা ২৮৫ টি, অগভীর নলকুপ ৩৭৮৪০ টি, হস্তচালিত নলকূপের সংখ্যা ২ টি ও স্যালো চালিত নলকূপের সংখ্যা প্রায় ৫০ টি। নিম্নে নলকুপের বিবরণ প্রদান করা হল।

ক্র.নং	সেঁচের উৎস	সংখ্যা	সেঁচের আওতাভূক্ত জমির পরিমান	বন্যার সময় ক্ষতিগ্রস্থ জমির পরিমান	বন্যা পরবর্তী অবস্থা
১	গভীর নলকুপ	২৮৫ টি	প্রায় ৬১০০ একর	প্রায় ৩২৮০ একর ফসলী জমির ফসল নষ্ট হয়	সরকারী সাহায্য সহযোগীতা পেলে বন্যা পরবর্তী দুরবস্থা থেকে উত্তরণ পাওয়া সহজ হবে।
২	অগভীর নলকুপ	৩৭৮৪০ টি	নাই	-	-
৩	হস্তচালিত নলকুপ	২ টি	নাই	-	-
৪	স্যালো চালিত নলকুপ	৫০ টি	প্রায় ৪৮০০ একর	-	-

ছ) হাট-বাজারঃ

হাটহাজারী উপজেলায় ১৪টি ইউনিয়নে মোট হাট এবং বাজারের সংখ্যা ৩৮ টি। মাঠ পর্যায়ে পাওয়া তথ্যমতে সপ্তাহে হাট বসে ২ দিন এবং বাজার বসে সপ্তাহে ৭দিন। এ হাট এবং বাজারে মোট দোকান সংখ্যা প্রায় ৭১০৭ টি। নিম্নে ইউনিয়ন ভিত্তিক হাট এবং বাজারের তথ্যাবলী প্রদান করা হলঃ

প্রাপ্ত তথ্যেরে সূত্রঃ রহমানা বেগম, অফিস সহকারী, পরিসংখ্যান অফিস, *হাটহাজারী,* মোবাইল নং- *০১৮১৫-৬৩৮১৭৪*

ক্র. নং	ইউনিয়নের নাম	হাট বাজারের নাম	হাট/বাজার দিন	বাজারের দোকানের সংখ্যা
১	চিকনদন্ডী	নন্দীর হাট	সপ্তাহে ২দিন	১৭০টি
		চৌধুরী হাট	সপ্তাহে ২দিন	৭৪০টি
		লালিয়ার হাট	সপ্তাহে২দিন	৯২টি
		জুগির হাট	সপ্তাহে ২ দিন	২৫২ টি
		খন্দকীয়ার হাট	সপ্তাহে ২ দিন	৮৬টি
		বড় দীঘির বাজার	প্রতিদিন	৭২৪টি
		আমান বাজার	প্রতিদিন	২৬০টি
২	ফতেপুর	ইসলামিয়ার হাট	সপ্তাহে ২দিন	৪৪টি
		মদন হাট	সপ্তাহে ১দিন	১৫২টি
		বিশ্ববিদ্যালয় ২ নং হাট	সপ্তাহে ২দিন	১০০টি
৩	ধলই	কাঠির হাট	সপ্তাহে ২দিন	৬৩৫টি
		এনায়েতপুর বাজার	সপ্তাহে প্রতিদিন	৩৪০টি
৪	শিকারপুর	নজু মিয়ার হাট	সপ্তাহে ২দিন	৩১৫টি
৫	বুড়িশ্চর	বুড়িশ্চর বাজার	সপ্তাহে প্রতিদিন	১৮০টি
৬	গড়দুয়ারা	নতুন হাট	সপ্তাহে ২দিন	২৫টি
		কাপ্তার অলি বাজার	প্রতিদিন	৪৫টি
৭	ছিপাতলী	ইসলামী হাট	সপ্তাহে ২দিন	২৫টি
		জিলানী বাজার	সপ্তাহে প্রতিদিন	৩২টি
		মরা বোয়ালিয়া বাজার	সপ্তাহে প্রতিদিন	৮৫টি
৮	উত্তর মাদার্শা	রামদাস মুন্সির হাট	সপ্তাহে ২দিন	৪০টি
		সৈয়দ আহম্মদ হাট	সপ্তাহে ২দিন	৩৫টি
		বদিউল আলম হাট	সপ্তাহে ২দিন	৬৫টি
৯	দক্ষিন মাদার্শা	মদুনা ঘাট বাজার	সপ্তাহে প্রতিদিন	৩২০টি
১০	মেখল	ফরেজিয়া হাট	সপ্তাহে ২দিন	১০০০টি
		বৈলতলী হাট	সপ্তাহে ১দিন	১০৫টি
		আনন্দ হাট	সপ্তাহে ২দিন	৮০টি
		ফকির হাট	সপ্তাহে ২ দিন	৪০টি
		ছত্তার হাট	সপ্তাহে ১ দিন	২৫০টি
১১	মির্জাপুর	সরকার হাট	সপ্তাহে ২দিন	২৫০টি
		আকবর আলী চৌ: হাট	সপ্তাহে ১দিন	৭০টি
		কালিদাশ চৌ: হাট	সপ্তাহে ২দিন	৫০টি
		মহরীর হাট	সপ্তাহে ২দিন	৮০টি
		চারিয়া নয়া হাট	সপ্তাহে ২দিন	৮৫টি
১২	নাঙ্গাল মোড়া	নাঙ্গাল মোড়া বাজার	প্রতিদিন	৭০টি
১৩	ফরহাদাবাদ	নুর আলী মিয়ার হাট	সপ্তাহে ২দিন	৮৫টি
		জব্বার হাট	সপ্তাহে ২দিন	৩৫টি
		নাজির হাট	সপ্তাহে ২দিন	৬০টি
১৪	গুমান মর্দ্দন	পেশকার হাট	সপ্তাহে ২দিন	৮৫টি

১.৪.২ সামাজিক সম্পদ-

(ক) ঘর-বাড়িঃ

হাটহাজারী উপজেলায় ১৪টি ইউনিয়নে মোট ঘর-বাড়ীর সংখ্যা ৭৬৮৩১ টি। এর মধ্যে কাঁচা-২৯০২০ টি, পাঁকা-১৭৩২৫ টি এবং আধাপাকা- ৩০৪৮৬ টি। এখানে সাধারনত ইট, বালি, সিমেন্ট ও রড দিয়ে পাকা ঘর এবং বাঁশ, গাছ, টিন, মাটি, ছন, তার, পেরেক, রশি, বাঁশের বেড়া দিয়ে কাঁচা ঘর-বাড়ী তৈরী করা হয়। এখানে কাচা ঘর-বাড়ী গুলো দূর্যোগ সহনশীল নয়। প্রায় ৪০% খাচা ঘর-বাড়ী বন্যা লেবেলের নীচে। নিম্নে ইউনিয়ন ভিত্তিক ঘর-বাড়ীর পরিসংখ্যান প্রদান করা হলঃ

ক্র. নং	ইউনিয়নের নাম	ঘর বাড়ীর সংখ্যা			সাধারণত কি কি মালামাল দিয়ে ঘর বাড়ী তৈরী হয় বিস্তারিত বিবরণ
		কাঁচা	পাকা	আধা পাকা	
১	শিকারপুর	২০১৬ টি	১৭১৩ টি	২৭৪৯ টি	কাচা ঘর মাটি বা বাঁশের বেড়া, গাছ , উপরে ছন বা টিন , আর পাকা বাড়ী ইট, বালু, সিমেন্ট ও রড দিয়ে তৈরী
২	দক্ষিণ মাদার্শা	১৭৩১টি	১৪২১টি	১৯৮৬ টি	
৩	মেখল	৩২৭১	২০০২ টি	১৬৫৭টি	
৪	চিকনদন্ডী	৩৭৯০টি	১৭৩২টি	৫২৪৬ টি	
৫	ধলই	৩০৬৩টি	১১৯৫টি	৩০৭৭টি	
৬	ফতেপুর	২২৭৭	২৬৫৯	৩১৫৭	
৭	ছিপাতলী	৮৬৬টি	৬৫৫টি	৬১৩টি	
৮	গড়দুয়ারা	১০২৪টি	৫৪৪টি	১৩৬০টি	
৯	নাঙ্গালমোড়া	৭৮০টি	১৮০টি	৫৯৭টি	
১০	ফরহাদাবাদ	১৫৪২টি	১০৩৫টি	২৯১০টি	
১১	গুমানমর্দ্দন	১২৩৭টি	৩৬৪ টি	১৪৩৭টি	
১২	বুড়িশ্চর	১৬৬৫	১১২৬	২৬০৩	
১৩	উত্তর মাদার্শা	২৭৬৩	১৪১৮	১৬২২	
১৪	মির্জাপুর	২৯৯৫	১২৮১	৩০৯৪	
	মোট	২৯০২০ টি	১৭৩২৫	৩০৪৮৬	

(ক) পানিঃ

খাবার পানির উৎসগুলির নলকুপ কয়টিঃ

হাটহাজারী উপজেলায় খাবার পানির উৎসগুলি হলঃ গভীর নলকুপ, অগভীর নলকুপ, মেশিনে উত্তোলিত ও ছড়ার পানি ইত্যাদি। এখানে মোট নলকুপ সংখ্যা প্রায় ৩৮১৭৭ টি । এর মধ্যে গভীর নলকুপ-২৮৫টি, অভীর নলকুপ-৩৭৮৪০ টি ও স্যালো ইঞ্জিন চালিত ৫০ টি ।

নলকুপের সংখ্যা প্রায় ৩৮১৭৭ টি, ভালোর সংখ্যা প্রায় ৩১৮৭৭টি, অকেজোর সংখ্যা প্রায় ৬৩০০ টি, বন্যা লেভেলের উপরে আছে প্রায় ২০৩২০ টি এখানে প্রায় ৮০% শতাংশ অধিবাসি নলকুপের পানি ব্যবহার করে । এখানে বন্যার সময় খাবার পানির অভাব দেখা দেয় ।

(গ) পয়ঃনিস্কাশন ব্যবস্থাঃ

হাটহাজারী উপজেলায় মোট পায়খানার সংখ্যা প্রায় ৭৬৮৩১ টি। এর মধ্যে পাকা পায়খানা প্রায়-৪৭৮০১ টি এবং কাচা পায়খানা প্রায়- ২৯০২০ টি। মাঠ পর্যায়ের তথ্য মতে এখানে প্রায় কাঁচা পায়খানাগুলোই বিভিন্ন দূর্যোগের সময়ে ক্ষতিগ্রস্থ হয়ে থাকে।

এখানে স্বাস্থ্য সম্মত পায়খানার সংখ্যা প্রায়-৭৬৮৩১ টি । বন্যা লেভেলের উপরে প্রায়-৪২৩৯০ টি, বন্যার সময় ব্যবহারের উপযোগী থাকে প্রায়-৪২৩৯০ টি, স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার করে প্রায় ৯৫% অধিবাসি।

(ঘ) শিক্ষা প্রতিষ্ঠান/পাঠাগার

হাটহাজারী উপজেলায় মোট শিক্ষা প্রতিষ্ঠান-২২৮ টি, সরকারী প্রাথমিক বিদ্যালয়- ১২২ টি, বেসরকারী রেজিঃ প্রাথমিক বিদ্যালয়-২৫ টি। বিশ্ববিদ্যালয় আছে-১টি, কলেজ-৫টি, মাদ্রাসা-২১টি, উচ্চ বিদ্যালয়-৪৩টি, জুনিয়র উচ্চ বিদ্যালয় ৭টি ও মহিলা উচ্চ বিদ্যালয়-৪টি। ইউনিয়ন ভিত্তিক তথ্যাবলী নিম্নে দেয়া হলঃ

শিক্ষা প্রতিষ্ঠান	সরকারী/বেসরকারী রেজিষ্টার্ড	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	অবস্থান/ ওয়ার্ড	শিক্ষার্থী সংখ্যা	শিক্ষক/ শিক্ষিকা
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়	সরকারী	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়	হাটহাজারী	২৬০০০	৪২৮
কলেজ	বেসরকারী	আকবরিয়া স্কুল এন্ড কলেজ	হাটহাজারী	৮৪৫	১৭
কলেজ	বেসরকারী	কাটিরহাট মহিলা কলেজ	হাটহাজারী	৪৯০	১২
কলেজ	বেসরকারী	কে সি শহীদ জিয়াউর রহমান কলেজ	হাটহাজারী	৬৪০	১৩
কলেজ	বেসরকারী	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজ	হাটহাজারী	১১০০	১৮
কলেজ	বেসরকারী	নাজিরহাট কলেজ	হাটহাজারী	৪৭০	১০
কলেজ	বেসরকারী	ফতেয়াবাদ কলেজ	হাটহাজারী	৪৮৫	১১
কলেজ	বেসরকারী	হাটহাজারী কলেজ	হাটহাজারী	৮৩০	১৫
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	হাটহাজারী পার্বতী উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৫২০	১১
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	শহীদুল্লাহ একাডেমী .	হাটহাজারী	৪৬০	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	হাটহাজারী বালিকা উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৫৫০	১১
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	চারিয়া উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৮৬	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	গড্দুয়ারা বহুমুখী উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৫১০	১১
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	কাটির হাট উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৯০	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	কাটাখালী উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৫০০	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	কে এস নজুমিয়া উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৬৫	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	আলীপুর রহমানিয়া উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৮০	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	চট্টগ্রাম রেসিডেন্সিয়াল উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৬১০	১২
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	জোবরা পি পি উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৬৫	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ফতেপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৫১০	১১
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ফতেপুর মেহেরনেগা উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৭০	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	মেখল আদর্শ উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৩০	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	মীর নোয়াবুল হক উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৭০	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	জাফরাবাদ উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৬৫	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ফতেয়াবাদ মহাখালী বালিকা উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৭৫	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	নাজির হাট কলেজিয়েট উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৫০	৮

শিক্ষা প্রতিষ্ঠান	সরকারী/বেসরকারী রেজিষ্টার্ড	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	অবস্থান/ ওয়ার্ড	শিক্ষার্থী সংখ্যা	শিক্ষক/ শিক্ষিকা
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ফজলুল কাদের চৌধুরী উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৯৫	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	কুয়াইশ বুড়িশ্চর উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৮৫	৮
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	এনায়েতপুর উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৯০	৮
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	মাদার্শা বহুমুখী উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	২৯৫	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	খন্দকিয়া চিকনদন্ডী বালিকা উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৭৫	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	পশ্চিম ধলই উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৮৬	১১
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ফরহাদাবাদ উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৬০	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	কাটিরহাট বালিকা উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৪৫	৮
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ঈদগাহ বহুমুখী উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৩০	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	বিল্যাব উচ্চ বিদ্যালয় .আর.আই.এস.সি.	হাটহাজারী	৪২০	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	চট্টগ্রাম সেনানিবাস উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪৬৫	১১
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	দক্ষিণ মেখল উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৭৫	৮
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	মির্জাপুর উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩২০	৭
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	মির্জাপুর বালিকা উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	২৯৫	৮
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	দক্ষিণ মাদার্শা এস এস উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩১০	৭
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	এসিদ্দিকী বালিকা .কে . উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৪০	৮
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	নাঙ্গালমোড়া উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৮০	৭
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ফতেয়াবাদ আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৯৫	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	নগেন্দ্রনাথ মহাজন উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	২৯৫	৭
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ফতেয়াবাদ শৈলবালা উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	২৮৫	৭
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	বুড়িশ্চর উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩১০	৯
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	গুমানমর্দ্দন পেশকার হাট উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৩৮৫	১০
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	উত্তর মাদার্শা উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	২৯০	৮
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	জাহাঙ্গীর লেইন উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	২৪০	৭
মাধ্যমিক বিদ্যালয়	বেসরকারী	ফতেয়াবাদ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়	হাটহাজারী	৪২০	১০
জুনিয়র বিদ্যালয়	বেসরকারী	আলমপুর জুনিয়র বিদ্যালয়	হাটহাজারী	২৭৫	৭
জুনিয়র বিদ্যালয়	বেসরকারী	মাদার্শা আদর্শ জুনিয়র বিদ্যালয়	হাটহাজারী	২৬০	৬
জুনিয়র বিদ্যালয়	বেসরকারী	জোবরা বৌদ্ধ পল্লী জুনিয়র বিদ্যালয়	হাটহাজারী	২২০	৭
জুনিয়র বিদ্যালয়	বেসরকারী	পশ্চিম মির্জাপুর জুনিয়র বিদ্যালয়	হাটহাজারী	২৪০	৭
জুনিয়র বিদ্যালয়	বেসরকারী	ছাপা মোতালেব জুনিয়র বিদ্যালয়	হাটহাজারী	২৩০	৬

শিক্ষা প্রতিষ্ঠান	সরকারী/বেসরকারী রেজিষ্টার্ড	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	অবস্থান/ ওয়ার্ড	শিক্ষার্থী সংখ্যা	শিক্ষক/ শিক্ষিকা
জুনিয়র বিদ্যালয়	বেসরকারী	সন্দ্বীপ পাড়া জুনিয়র বিদ্যালয়	হাটহাজারী	২৫৫	৭
পাবলিক স্কুল এন্ড কলেজ	বেসরকারী	হিল সাইড পাবলিক স্কুল এন্ড কলেজ	হাটহাজারী	৩৮৫	৮
প্রাঃবিঃ	সরকারী	আলমপুর আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়	হাটহাজারী	২৩৫	৫
প্রাঃবিঃ	সরকারী	বাড়ীঘোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়।	মেখল	৩৪৫	৭
প্রাঃবিঃ	সরকারী	৫২ নং ভাগীরঘোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়	মেখল	৩২০	৬
প্রাঃবিঃ	সরকারী	চারিয়া বোর্ড সরকারি প্রাথমিক বিদ্যালয়।	মির্জাপুর	৩১০	৮
প্রাঃবিঃ	সরকারী	দক্ষিণ উদালিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	ফরহাদাবাদ	২৭০	৭
প্রাঃবিঃ	সরকারী	ধলই মীরা পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	ধলই	২৩০	৬
প্রাঃবিঃ	সরকারী	২১নং ধলই সেকান্দরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	ধলই	৩১০	৭
প্রাঃবিঃ	সরকারী	ফরহাদাবাদ মুন্সি বাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়	ফরহাদাবাদ	৩৯০	৬
প্রাঃবিঃ	সরকারী	হাজী মফজল মিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়		৩৩০	৭
প্রাঃবিঃ	সরকারী	কাটিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়	ধলই	২৯৫	৮
প্রাঃবিঃ	সরকারী	৮০নং মধুরঘোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়	ফতেপুর	৩১০	৬
প্রাঃবিঃ	সরকারী	নাজিরহাট খায়রিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	ফরহাদাবাদ	৩৭৫	৭
প্রাঃবিঃ	সরকারী	পশ্চিম ধলই আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়	ধলই	২৪৫	৫
প্রাঃবিঃ	সরকারী	ফরহাদাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়	ফরহাদাবাদ	৩৬৫	৭
প্রাঃবিঃ	সরকারী	চিকনদন্ডী দরবেশিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	চিকনদন্ডী	৩৪৫	৬
প্রাঃবিঃ	সরকারী	চিকনদন্ডী কাজীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	চিকনদন্ডী	৪০৫	৮
প্রাঃবিঃ	সরকারী	চিকনদন্ডী কাটাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়	চিকনদন্ডী	৩৭০	৭
প্রাঃবিঃ	সরকারী	ছিপাতলী বোর্ড সরকারি প্রাথমিক বিদ্যালয়	ছিপাতলী	২৩৬	৬
প্রাঃবিঃ	সরকারী	ছিপাতলী ঈদগাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়	চিকনদন্ডী	৩২০	৬
প্রাঃবিঃ	সরকারী	পূর্ব এনায়েতপুর নূর উল্লাহ্ চৌধুরী সরকারি প্রাথমিক বিদ্যালয়	ধলই	৩১০	৫
প্রাঃবিঃ	সরকারী	ফতেয়াবাদ বটতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়	দক্ষিন মাদার্শা	৩৯৫	৫
প্রাঃবিঃ	সরকারী	ফটিকা রহমানিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়	হাটহাজারী	৩১০	৬

শিক্ষা প্রতিষ্ঠান	সরকারী/বেসরকারী রেজিষ্টার্ড	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	অবস্থান/ ওয়ার্ড	শিক্ষার্থী সংখ্যা	শিক্ষক/ শিক্ষিকা
প্রাঃবিঃ	সরকারী	গড়দুয়ারা কেন্দ্রীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়	গড়দুয়ারা	১৮০	৫
প্রাঃবিঃ	সরকারী	হাদী নগর বাস্তুহারা সরকারি প্রাথমিক বিদ্যালয়	ফরহাদাবাদ	৩১০	৬
প্রাঃবিঃ	সরকারী	জাফরাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়	ফরহাদাবাদ	৩৭৯	৮
